## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## পশ্চিমবঙ্গ বিধানসভা

BULLETIN—PART II

বুলেটিন—দ্বিতীয় ভাগ

# (Information on Matters Relating to Business of the Assembly and Other Matters)

(সভার কার্যাবলী ও অন্যান্য বিষয় সম্পর্কিত তথ্য)

June 14, 2016

১৪ই জুন, ২০১৬

No. 13

# Parking arrangement for the vehicles bearing elliptical car stickers during the session of the Assembly

The vehicles bearing elliptical car stickers of the following categories viz. (i) VIPs; (ii) MLAs; (iii) Govt. Officials; and (iv) Assembly Officials are allowed explicit entry and parking in the Assembly House premises.

The vehicles are to be parked in two parking zones namely 'Parking Zone A' and 'Parking Zone B' within the Assembly premises.

নং ১৩

বিধানসভার অধিবেশন চলাকালীন উপবৃত্তাকার 'কার স্টিকার' লাগানো গাড়ির পার্কিং ব্যবস্থা

(১) ভি.আই.পি.; (২) এম.এল.এ.; (৩) গভর্নমেন্ট অফিসিয়ালস; এবং (৪) অ্যাসেম্বলি অফিসিয়ালস -এর জন্য নির্দিষ্ট উপবৃত্তাকার কার স্টিকার লাগানো গাড়িগুলি স্টিকারের উপর স্পষ্টভাবে নির্দেশিত অঞ্চলে বিধানসভা প্রাঙ্গণে পার্কিং করার অনুমতি প্রদান করা হয়েছে।

উক্ত গাড়িগুলিকে 'পার্কিং জোন-এ' এবং 'পার্কিং জোন-বি' এই দুই শ্রেণীর জন্য নির্ধারিত স্থানে পার্কিং করতে হবে।

#### Issue of Car Stickers and Driver's Passes for Ministers

Two Car Stickers and two Driver's Passes will be issued in favour of Ministers for entry inside the Assembly House Campus on production of photocopies of valid driving licences duly attested and two copies of stamp size photographs of the diriver(s) concerned along with the requisition to the Assembly Secretariat. The **Car Stickers** and the **Driver's Passes** will not be issued separately.

নং ১৪

## মন্ত্রীদের জন্য 'কার স্টিকার' এবং 'ড্রাইভার পাস' বিতরণ

সংশ্লিষ্ট ড্রাইভারের বৈধ ড্রাইভিং লাইসেন্স-এর প্রত্যয়িত ফটোকপি এবং দুই কপি স্ট্যাম্প সাইজ ফটোগ্রাফসহ যাচনপত্র বিধানসভা সচিবালয়ে জমা দিলে বিধানসভা ভবন চত্বরে প্রবেশের জন্য মন্ত্রীদের দুটি 'কার স্টিকার' এবং দুটি 'ড্রাইভার পাস' দেওয়া হবে। 'কার স্টিকার' এবং 'ড্রাইভার পাস' পৃথকভাবে বিতরণ করা হবে না।

#### No. 15

#### Issue of 'Car Sticker' and 'Driver's Pass' for the Members

Members are hereby informed that one 'Car Sticker' and one 'Driver's Pass' will be issued to each of them.

Members are requested to deposit photocopy of valid Driving Licence duly attested and two copies of stamp size photographs of the dirver with their requisition to the Assembly Secretariat for the same. The 'Car Sticker' and the 'Driver's Pass' will not be issued separately.

নং ১৫

## সদস্যদের জন্য 'কার স্টিকার' এবং 'ড্রাইভার পাস' বিতরণ

সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রত্যেক সদস্যকে একটি 'কার স্টিকার' এবং একটি 'ড্রাইভার পাস' দেওয়া হবে। সদস্যদের অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন তাঁদের ড্রাইভারের বৈধ ড্রাইভিং লাইসেল-এর প্রত্যয়িত ফটোকপি এবং দুই কপি স্ট্যাম্প সাইজ ফটোগ্রাফসহ আবেদনপত্র বিধানসভা সচিবালয়ে জমা দেন। 'কার স্টিকার' এবং 'ড্রাইভার পাস' পৃথকভাবে বিতরণ করা হবে না।

#### Issue of Passes for Security Guards and Assistants of the Members

Members are hereby informed that passes for two Security Guards and one Assistant will be issued to each Member.

Members are requested to deposit two copies of stamp size photographs in each case with their requisition to the Assembly Secretariat for the same.

নং ১৬

#### সদস্যদের নিরাপত্তারক্ষী এবং সহায়ক পাস বিতরণ

সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রত্যেক সদস্যকৈ দুজন নিরাপত্তারক্ষী এবং একজন সহায়ক-এর জন্য পাস দেওয়া হবে।

সদস্যদের অনুরোধ করা হচ্ছে তাঁরা যেন তাঁদের নিরাপত্তারক্ষী এবং সহায়ক প্রত্যেকের দুই কপি করে স্ট্যাম্প সাইজ ফটোগ্রাফসহ আবেদনপত্র বিধানসভা সচিবালয়ে জমা দেন।

#### No. 17

## Issue of Passes for Distinguished Visitors

Members are hereby informed that due to non-availability of sufficient accommodation in the Distinguished Visitors' Galleries, the word 'Pre-Recess' or 'Post-Recess' will be stamped on the passes for the distinguished visitors during the Session of the Assembly.

The visitors will take their entry into the Distinguished Visitors' Galleries accordingly.

Members are requested to co-operate in the matter.

नः ১१

## বিশিষ্ট দর্শকদের প্রবেশপত্র

এতদ্বারা সদস্যদের জানানো যাচ্ছে যে, বিধানসভার অধিবেশন দেখতে ইচ্ছুক প্রতিদিনের সকল বিশিষ্ট দর্শকদের স্থান সংকুলানের অভাব প্রকটভাবে অনুভূত হওয়ায় বিশিষ্ট দর্শকদের প্রবেশপত্রে 'বিরতির আগে' অথবা 'বিরতির পরে' লিখে দেওয়া হবে।

সকল বিশিষ্ট দর্শক অনুরূপভাবে দর্শক গ্যালারিতে আসন গ্রহণ করবেন। সদস্যদের এ ব্যাপারে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হচ্ছে।

## Issue of Passes for the Visitors calling on the Members

Members are hereby informed that the visitors calling on them will not be allowed to enter the Lobby (including vestibules) of the Assembly Buildings. They will only be allowed to wait in the building meant for the visitors adjoining the West Gate (Gate No. 1) to meet the Members concerned during Session period subject to permission of the Members in the prescribed form available from the Pass Counter at the West Gate of the Assembly House.

নং ১৮

#### সদস্যদের সাক্ষাৎপ্রার্থীদের প্রবেশপত্র

এতদ্বারা সদস্যদের জানানো যাচ্ছে যে, তাঁদের সাথে সাক্ষাৎপ্রার্থীগণকে বিধানসভা ভবনের লবিতে (ভেস্টিবিউলসহ) প্রবেশ করতে দেওয়া হবে না। সাক্ষাৎপ্রার্থীগণ বিধানসভা ভবনের পশ্চিম গেটের পাস কাউন্টার থেকে প্রাপ্তব্য নির্দিষ্ট ফর্মে আবেদন করলে, অধিবেশন চলাকালীন সময়ে সংশ্লিষ্ট সদস্যের অনুমতি সাপেক্ষে বিধানসভা ভবনের পশ্চিম গেট (গেট নং ১) সংলগ্ন সাক্ষাৎপ্রার্থীদের বসার ঘরে অপেক্ষা করার অনুমতি প্রদান করা হবে।

No. 19

#### Issue of Passes for Visitors

Members are hereby informed that during the Session of the Assembly every Member may obtain two Visitors' Passes for each day of the sittings of the Assembly. The passes may be collected by the Members from the Assembly Secretariat at least one day before the date on which admission into the Visitors' Gallery is sought for.

नः ১৯

## দর্শকদের জন্য প্রবেশপত্র

এতদ্মারা সদস্যদের জানানো যাচ্ছে যে, বিধানসভার অধিবেশনে প্রত্যেক সদস্যকে প্রতিদিন অনধিক দুজন দর্শকের জন্য প্রবেশপত্র দেওয়া হবে। উক্ত প্রবেশপত্র যে দিনের জন্য প্রয়োজন তার অস্তত একদিন আগে বিধানসভা সচিবালয় থেকে তা সংগ্রহ করার জন্য সদস্যদের অনুরোধ করা হচ্ছে।

### Sitting Arrangement for Photographers and T.V. Crews

In view of the tight security measures, sitting arrangements for Press Photographers and Television Crews have been made in the Press Corner constructed beside the statue of Dr. B. R. Ambedkar in the Assembly House Lawn during the Session of the Assembly.

Media personnel concerned are requested to co-operate in the matter.

नः २०

## আলোকচিত্রী ও টেলিভিশন যন্ত্রীদের বসার ব্যবস্থা

শক্তিশালী নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের পরিপ্রেক্ষিতে বিধানসভার অধিবেশন চলাকালীন আলোকচিত্রী ও টেলিভিশন যন্ত্রীদের জন্য বিধানসভা সংলগ্ন বাগানে ডঃ বি. আর. আম্বেদকরের মূর্তির পাশে নির্মিত প্রেস কর্ণারে বসার বন্দোবস্ত করা হয়েছে।

সংশ্লিষ্ট সংবাদমাধ্যমের কর্মীদের এ বিষয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হচ্ছে।

No. 21

## **Display of Press Photo Identity Cards**

Media persons (both print and electronic) will have to display their identity cards for the entire period of their stay within the premises of the Assembly.

They are accordingly requested to collect the ribbons from the Public Relations Section of the Assembly Secretariat if not procured previously.

नः २১

## সংবাদমাধ্যম কর্মীদের সচিত্র পরিচয়পত্র প্রদর্শন

বিধানসভা প্রাঙ্গণের ভেতরে থাকাকালীন সংবাদমাধ্যমের কর্মীদের সর্বক্ষণের জন্য সচিত্র পরিচয়পত্র প্রদর্শন করতে হবে।

তদনুযায়ী, বিধানসভা সচিবালয়ের জনসংযোগ শাখা থেকে পরিচয়পত্রের ফিতে যদি পূর্বে সংগৃহীত না হয়ে থাকে তাহলে তা সংগ্রহ করার জন্য তাঁদের অনুরোধ করা হচ্ছে।

B. MAHANTI, Secretary.